নম্বর 202.43

<u>নির্বাহী আদেশ</u>

দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত আইনের সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

উপরন্তু এখনই , গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো নিউ ইয়র্ক স্টেটের গর্ভনর যেকোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা নিয়ন্ত্রণ, অথবা এর অংশগুলির সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করার জন্য স্টেটের দুর্যোগপূর্ণ জরুরি অবস্থা, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা আইন মেনে চলা দুর্যোগের জরুরি অবস্থা মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপকে বাধা দেয় বা বিলম্ব করে বা এই জাতীয় দুর্যোগ মোকাবেলায় সাহায্য বা সহায়তা করার প্রয়োজন হয়, তবে আমি কার্যনির্বাহী আইনের ধারা 29-a এর অনুচ্ছেদ 2-B অনুযায়ী আমার উপর ন্যস্ত ক্ষমতাবলে, 18 জুলাই 2020 পর্যন্ত নিম্নোক্ত আইনগুলি সাময়িকভাবে স্থগিত করছি:

- নাসাউ প্রশাসনিক আইনের (Nassau County Administrative Code) সেকশন 5-18.0(2) অনুযায়ী, সেই কাউন্টিতে সুদ বা জরিমানা ছাড়া ভূসম্পত্তির উপর স্কুল ট্যাক্সের চূড়ান্ত অর্ধেক পরিশোধ করার শেষ তারিখ 1 জুলাই, 2020 পর্যন্ত সম্প্রসারিত করার অনুমতি দেওয়া হয়েছে এবং1 জুলাই, 2020 এর পরে যেকোনো পরিশোধের ক্ষেত্রে নাসাউ কাউন্টিকে সুদ এবং জরিমানা দেওয়ার কথা বলা হয়েছে।

- নির্বাহী আইনের 621 ধারার 23 নং উপবিভাগে বলা হয়েছে যে, স্থানান্তর খরচের জন্য যুক্তিসঙ্গত, অস্থায়ী বাসস্থানের খরচ, যেমন- মোটেল বা হোটেল, পারিবারিক সহিংসতা সম্পর্কিত কোনো অপরাধ বা অপরাধের শিকার ব্যক্তিদের জন্য একটি পুরস্কার প্রদানের প্রয়োজনীয়তা আছে, তবে এই পুরস্কার 631 ধারার 2 নং উপবিভাগে বর্ণিত রাজস্ব সীমাবদ্ধতা সাপেক্ষে প্রদান করার কথা বলা হয়েছে।

- নির্বাহী আইনের 631 ধারার উপবিভাগ 1 এ বলা হয়েছেযে গার্হস্থ্য সহিংসতার শিকার ব্যক্তিদের জন্য প্রয়োজনীয় যেকোনো প্রত্যয়িত আবাসিক কর্মসূচীকে সমাজসেবা আইনের 459-a ধারায় সংজ্ঞায়িত করা হয়েছে যা গার্হস্থ্য সহিংসতার শিকার ব্যক্তিকে অথবা কোনো অপরাধ বা অপরাধের শিকার ব্যক্তিকে সেবা প্রদান করেছে তা "অপরাধ বিচার সংস্থা" হিসেবে বিবেচিত হবে।

- নির্বাহী আইনের ধারা 627 এবং অন্যান্য সংশ্লিষ্ট বিধিমালায় বলা হয়েছে যে ভিকটিম সার্ভিসেস অফিস এই নির্বাহী আদেশ বাস্তবায়নের উদ্দেশ্যে, গার্হস্থ্য সহিংসতা সম্পর্কিত কোনো অপরাধ বা অপরাধের শিকার ব্যক্তির জমা দেওয়া যেকোনো নালিশ বিবেচনা করবে নিম্নলিখিত শর্তসাপেক্ষে:

  - যদি কোনো শারীরিক আঘাত থাকে, তাহলে দাবিদারকে আঘাতের চিকিৎসার রেকর্ড এবং পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিদের জন্য যেকোনো প্রত্যয়িত আবাসিক প্রোগ্রাম থেকে একটি বিবৃতি জমা দিতে হবে যা সমাজসেবা আইনের 459-a ধারায় সংজ্ঞায়িত করা হয়েছে এভাবে যে এই ধরনের আঘাত একটি অপরাধের ফলাফল।

  - যদি কোনো শারীরিক আঘাত না থাকে, তাহলে সমাজসেবা আইনের 459-a বর্ণিত পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিদের জন্য প্রত্যয়িত আবাসিক কর্মসূচী নির্ধারণ করে পুলিশ বা ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসের সাথে আলোচনার পর। আর এ ক্ষেত্রে নির্বাহী আইনের 631 ধারার উপবিভাগ 11 এবং 12-তে বর্ণিত এক বা একাধিক অভিযোগের ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করা যাবে এবং এই উপবিভাগ অনুযায়ী জমা দেওয়া আবেদনের জন্য অপরাধের নির্ধারণ করা যাবে।

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগকালীন জরুরি সময়ে কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের অনুচ্ছেদ 2-B এর 29-a সেকশন অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃত্বের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 18 জুলাই 2020 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করছি:

- নোভেল করোনাভাইরাসের বিস্তার ধীর করার জন্য মানুষের অপ্রয়োজনীয় সমাবেশ প্রতিরোধের নীতির লক্ষ্যে, অ্যালকোহলিক পানীয় বিক্রয়/সেবার সাথে জড়িত ব্যবসার জন্য (যেমন- রেস্টুরেন্ট, বার, সুবিধাজনক দোকান, মদের দোকান এবং অন্যান্য সংস্থা), তবে এই ব্যবসাগুলো (i) লাইসেন্সধারী অধিকারের দ্বারা নিয়মিত অফ- প্রেমিজ ভোক্তাদের জন্য; (ii) নির্বাহী আদেশ 202.3 এর অধীনে অনুমোদিত টেক-আউট বা ডেলিভারি সার্ভিসের মাধ্যমে অফ-প্রেমিজ ভোক্তাদের জন্য বর্ধিত অথবা (iii) অন-প্রেমিজ ভোগের জন্য, নির্বাহী আদেশ 202.38 এর অধীনে আউটডোর পরিষেবার জন্য সম্প্রসারিত ব্যবসা যাই হোক না কেন, বিদ্যমান আইনের অধীনে এই ধরনের ব্যবসার তত্ত্বাবধায়ক বাধ্যবাধকতা ছাড়াও, অধ্যাদেশ, বিধি এবং বিধিমালা, এই সমস্ত ব্যবসাকে লাইসেন্সকৃত এলাকার 100 ফুটের মধ্যে এলাকা পরিদর্শন, পর্যবেক্ষণ এবং অন্যথায় তত্ত্বাবধান করতে হবে যাতে প্রযোজ্য উন্মুক্ত কন্টেইনার অধ্যাদেশের সাথে খাদ্য বা পানীয় কম্পোর্টের ব্যবহার নিশ্চিত করা যায় এবং সামাজিক দূরত্ব এবং মাস্ক ব্যবহারের প্রতি জোর দেওয়া হয়। যদি এই জাতীয় ব্যবসা প্রতিষ্ঠান তা মেনে চলতে অক্ষম হয়, তাহলে এই ধরনের অ্যালকোহলিক পানীয় বিক্রি/সেবা বন্ধ করতে হবে যতক্ষণ না এই ধরনের নির্বাহী আদেশ, বিধি, আইন, অধ্যাদেশ, স্বাস্থ্য নির্দেশিকা বিভাগ এবং স্টেটের মদ কর্তৃপক্ষের নির্দেশিকা সম্পূর্ণরূপে পালন করতে পারে।

- এক্সিকিউটিভ অর্ডার 202.8-এ যে নির্দেশিকায় শুধুমাত্র মোটর ভেহিকলস বিভাগের জন্য শুধুমাত্র অন-লাইন লেনদেনের প্রয়োজনীয়তার কথা বলা হয়েছিল তা সংশোধন করা হল যদি এই ধরনের লেনদেন শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্ট দ্বারা পরিচালিত হয় এবং শুধুমাত্র যে সব অঞ্চলে তৃতীয় ধাপের পুনরায় খুলে দেওয়ার জন্য নির্ধারিত জনস্বাস্থ্য এবং নিরাপত্তা মেট্রিক্স অর্জন করা সম্ভব হয়েছে।

উপরন্তু, ভূসম্পত্তি কর আইন বা রিয়েল প্রোপার্টি ট্যাক্স ল (Real Property Tax Law)-এর সেকশন 925-a দ্বারা আমার উপর অর্পিত ক্ষমতা বলে আক্রান্ত কাউন্টি, সিটি, টাউন, ভিলেজ বা স্কুল ডিস্ট্রিক্ট অঞ্চলের প্রধান নির্বাহী অফিসারের সুদ বা পেনাল্টি ছাড়া প্রোপার্টি ট্যাক্স পরিশোধের স্টেটের দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থার কাল বৃদ্ধির অনুরোধে, আমি সুদ বা পেনাল্টি ছাড়া প্রোপার্টি ট্যাক্স পরিশোধের সময়কাল একুশ দিন বাড়ালাম, নিচের অঞ্চলগুলো যাদের ট্যাক্স পরিশোধ এখনো বাকি আছে এবং যাদের পক্ষে অনুরোধ করা হয়েছে তারা এই সময় বৃদ্ধির আওতায় পড়বে: আলেগানি কাউন্টির আলফ্রেড ভিলেজ; ওয়াশিংটন কাউন্টির কেমব্রিজ ভিলেজ; অরেঞ্জ কাউন্টির গ্রীনউড লেকের ভিলেজ; মনরো কাউন্টির হোনয় ফলস; লেক জর্জ ভিলেজ, ওয়ারেন কাউন্টি; নাসাউ কাউন্টির ম্যানরহ্যাভেন ভিলেজ; রকল্যান্ড কাউন্টির নিউ স্কোয়ারের ভিলেজ; ওল্ড, ফিল্ড সাফোক কাউন্টির ভিলেজ; ওয়েন কাউন্টির পালমাইরা ভিলেজ; রকল্যান্ড কাউন্টির পিয়ারমন্ট ভিলেজ; রেনসেলার কাউন্টির শাঘতিকোক ভিলেজ; রকল্যান্ড কাউন্টির সাউথ নিয়াক ভিলেজ; এবং ফ্রাঙ্কলিন কাউন্টির টুপার লেক ভিলেজ।

আমার স্বহস্তে স্বাক্ষর এবং অ্যালবেনি শহরে স্টেটের
নিজস্ব সিলমোহর সহ দুই হাজার বিশ
সালের জুন মাসের অষ্টদশতম দিনে
এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব